অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/26/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের আঞ্চলিক স্কুলের খাদ্য অবকাঠামো অনুদানের কর্মসূচির (NEW YORK'S REGIONAL SCHOOL FOOD INFRASTRUCTURE GRANT PROGRAM) মাধ্যমে 10 মিলিয়ন ডলারের পুরস্কার প্রদান করেছেন

নর্থ কান্ট্রি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রকল্পগুলিকে প্রথম রাউন্ডে পুরস্কৃত করা হয়েছিল; কর্মসূচির অতিরিক্ত রাউন্ডগুলি আগামী বছরগুলিতে নিউ ইয়র্ক স্টেটের সমস্ত অঞ্চলে পৌঁছাবে

কর্মসূচিটি শিক্ষার্থীদের জন্য রান্নাঘর উন্নত করতে এবং নিউ ইয়র্কের খামারের পণ্য ব্যবহার করে তাদের জন্য তাজা, প্রকৃত আহার রান্না করতে সাহায্য করার জন্য পাঁচ বছরের বেশি সময় ধরে মোট 50 মিলিয়ন ডলার প্রদান করে

খাদ্যের অনিরাপত্তার মোকাবেলা করা এবং রাজ্য জুড়ে স্থানীয় খাদ্যের উৎপাদনকে বলীয়ান করার জন্য গভর্নরের 2024 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অগ্রাধিকারসমূহের অনুবর্তী

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের আঞ্চলিক স্কুল খাদ্য অবকাঠামোর অনুদানের কর্মসূচির প্রথম রাউন্ডেরর মাধ্যমে 10 মিলিয়ন ডলার পুরস্কৃত করা হয়েছে। নর্থ কান্ট্রি এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের প্রকল্পগুলিকে 12 শ্রেণীর শিক্ষার্থীদের মাধ্যমে কিন্ডারগার্টেনের জন্য খাবারের প্রস্তুতি এবং বিতরণ উন্নত করার জন্য প্রতিটিকে 5 মিলিয়ন ডলার পুরস্কৃত করা হয়েছে। গভর্নরের 2023 সালের স্টেট অফ দ্য স্টেটে প্রথম ঘোষিত এই কর্মসূচিটি পাঁচ বছরের বেশি সময় ধরে যোগ্য আবেদনকারীদের 50 মিলিয়ন ডলার প্রদান করবে যাতে তাজা, পুষ্টিকর আহারের অনসাইট প্রক্রিয়া ও প্রস্তুতির ব্যবস্থা করা যায়, আরো স্বাস্থ্যকর, স্থানীয় নিউ ইয়র্ক খাদ্য পণ্যের ব্যবহার বৃদ্ধি করা যায়, এবং নিউ ইয়র্কের কৃষকদের উৎসাহ প্রদান করা যায়।

"গভর্নর হিসাবে, আমি নিশ্চিত করতে চাই যে সকল নিউ ইয়র্কবাসীদের কাছে খাওয়ার জন্য যাতে তাজা, স্থানীয়ভাবে উৎপাদিত, পুষ্টিকর খাবার থাকে," **গভর্নর হোকল বলেছেন।** "আমাদের স্কুলগুলিতে একেবারে শুরু থেকে রান্না করার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম আছে তা নিশ্চিত করে আঞ্চলিক স্কুলের খাদ্য সংক্রান্ত অবকাঠামোর কর্মসূচি (Regional School Food Infrastructure program) এই চ্যালেঞ্জের সাথে সরাসরি মোকাবেলা করে। আমরা কীভাবে

আমাদের খাদ্য ব্যবস্থার পরিস্থিতি সম্পর্কে বোঝার চেষ্টা করছি, কৃষকদের জন্য বাজারের সুযোগগুলি বাড়ানোর সাথে সাথে খাদ্য নিরাপত্তাহীনতা হ্রাস করছি এবং আমাদের রাজ্যের খাদ্য ব্যবস্থার স্থিতিস্থাপকতাকে শক্তি প্রদান করছি এটি তার একটি দুর্দান্ত উদাহরণ।"

প্রোগ্রামটির প্রতিটি রাউন্ডে, দুটি অঞ্চলকে 5 মিলিয়ন ডলার পুরস্কৃত করা হবে। সব অঞ্চলগুলিকে পাঁচটি রাউন্ডের মাধ্যমে পুরস্কৃত না করা পর্যন্ত দুটি অতিরিক্ত অঞ্চলকে পরবর্তী রাউন্ডগুলিতে প্রতিটিকে 5 মিলিয়ন ডলার পুরস্কৃত করা হবে। প্রথম রাউন্ডে পুরস্কৃত প্রকল্পগুলি হল:

- **বাফেলো সিটির স্কুল ডিস্ট্রিক্টকে (ওয়েস্টার্ন নিউ ইয়র্ক)** 97টি স্কুলে পুষ্টির সহায়তা প্রদানকারী কমিসারিকে প্রস্তুত করার জন্য 5,000,000 ডলারের পুরস্কার প্রদান করা হচ্ছে। অনুদানের তহবিলগুলি একটি শাকসবজির প্রস্তুতি এবং প্রক্রিয়াকরণের এলাকা, উপাদানের ঘর, প্যাকিংয়ের ব্যবস্থা, এবং নিউ ইয়র্কের উপাদানগুলি ব্যবহার করে প্রস্তুত এবং প্যাকেজ করা পণ্যের চুক্তিবদ্ধ ডেলিভারি স্থাপনের জন্য প্রয়োজনীয় অতিরিক্ত অবকাঠামো স্থাপন করতে ব্যবহার করা হবে। এই পুরষ্কারটি এছাড়াও একটি টেস্ট রান্নাঘর এবং শেফ ব্রিগেডের মাধ্যমে স্থানীয়ভাবে তৈরি রান্নার রেসিপিগুলি পাস করার মাধ্যমে সম্প্রদায়ের অংশগ্রহণকে সমর্থন করবে।

- **চ্যাম্পলেইন ভ্যালি শিক্ষামূলক পরিষেবাসমূহতে (Champlain Valley Educational Services) (ক্লিনটন-এসেক্স-ওয়ারেন-ওয়াশিংটন BOCES) (নর্থ কান্ট্রি)** একটি কেন্দ্রীয় খাদ্যের হাব, দুটি অত্যাধুনিক শিক্ষাগত সুবিধা এবং নর্থ কান্ট্রি অঞ্চলে বিদ্যমান স্কুলের ক্যাফেটেরিয়াগুলিকে রেট্রোফিট করার জন্য 5,000,000 ডলার প্রদান করা হচ্ছে। প্রকল্পটি নতুন খাদ্য কেন্দ্রে স্কুলের খাদ্য প্রক্রিয়াকরণ এবং প্রস্তুতিকে একীভূত করবে, সেই সাথে স্কুলগুলির সম্মুখীন হওয়া কর্মীদের চাপ কমিয়ে দেবে এবং 16টি কম্পোনেন্ট স্কুলের জেলা এবং CVES BOCES-এ পরিবেশিত খাবারের পুষ্টির মান এবং স্থানীয় ফোকাসকে বৃদ্ধি করবে।

নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগ (New York State Department of Agriculture and Markets) দ্বারা পরিচালিত আঞ্চলিক স্কুল খাদ্যের অবকাঠামোর অনুদানের কর্মসূচি স্কুলগুলিকে খামারের পণ্য একত্রিত করা, সংরক্ষণ করা, প্রক্রিয়া, এবং প্রস্তুত করার জন্য প্রয়োজনীয় সংস্থানগুলি প্রদান করছে এবং স্কুলের বাচ্চাদের জন্য সতেজ, পুষ্টিকর, শুরু থেকে আহার রান্না করা সম্ভব করছে। এছাড়াও এই কর্মসূচি সম্প্রদায়ের চাহিদার উপর ভিত্তি করে রন্ধনশিল্প, খাদ্যের প্রক্রিয়াকরণ, নিরাপদে খাদ্য নিয়ে কাজ ও সংরক্ষণ, লজিস্টিক, ডেলিভারি এবং আরও অনেক নিয়ে স্কুল, সম্প্রদায়, এবং শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান করার মাধ্যমে কর্মীবাহিনীর বিকাশকে উৎসাহিত করবে।

রাজ্যের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেছেন, "আঞ্চলিক স্কুলের খাদ্য অবকাঠামোর কর্মসূচি আমাদের কৃষকদের সহায়তা করছে এবং নিশ্চিত করছে যে আমাদের সন্তানদের কাছে

শেখার সাথে সাথে তাদের উৎসাহিত করার জন্য পর্যাপ্ত স্থানীয়, তাজা খাবার থাকে। আজকের পুরস্কৃত প্রকল্পগুলি এখানে নিউ ইয়র্ক স্টেটে আমাদের খাদ্য ব্যবস্থাকে সংগঠিত এবং শক্তিশালী করার জন্য আমরা কীভাবে সহযোগিতা করতে পারি তার দুর্দান্ত উদাহরণ। আমি গভর্নর হোকলকে এই কর্মসূচীতে তার সমর্থনের জন্য ধন্যবাদ জানাই এবং পুরস্কারপ্রাপ্তদের অভিনন্দন জানাই, এবং এই প্রকল্পগুলি আমাদের ওয়েস্টার্ন নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রির সম্প্রদায়গুলিতে যে প্রভাব ফেলবে তা দেখার জন্য আমি উন্মুখ।"

রাজ্যের শিক্ষা কমিশনার ডাঃ বেটি এ. রোসা বলেছেন, "স্থানীয় খামারগুলিকে স্কুলের পুষ্টির সাথে সংযুক্ত করা আমাদের শিক্ষার্থীদের এবং নিউ ইয়র্কের কৃষকদের জন্য একটি বিজয়। পুষ্টিকর খাবারের সুসংগত, নির্ভরযোগ্য অ্যাক্সেস সরাসরি শিক্ষার্থীদের উন্নত কর্মক্ষমতা এবং সামগ্রিক স্বাস্থ্য ও সুস্থতার সাথে যুক্ত। সকল শিক্ষার্থীদের কাছে যাতে একটি স্বাস্থ্যকর খাদ্যের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করার জন্য আমরা গভর্নর এবং কৃষি ও বাজার বিভাগের চলমান সহযোগিতাকে সাধুবাদ জানাই। আঞ্চলিক স্কুলের খাদ্য অবকাঠামো সংক্রান্ত অনুদানের কর্মসূচির মাধ্যমে, আমরা সকল শিক্ষার্থীদের তাজা এবং স্থানীয় ফলমূল, শাকসবজি এবং দুগ্ধজাত পণ্য দিয়ে তৈরি স্বাস্থ্যকর এবং পুষ্টিকর খাবারের অ্যাক্সেস দেওয়ার জন্য নিউ ইয়র্কের চলমান প্রচেষ্টাগুলির উপর অনুবর্তী হবো।"

চ্যামপ্লেইন ভ্যালি শিক্ষামূলক পরিষেবার সহকারী সুপারিনটেনডেন্ট অফ ম্যানেজমেন্ট সার্ভিসেস ডাঃ এরিক বেল বলেছেন, "আমরা এই অনুদান পেয়ে উদ্দীপিত, কারণ এটি আমাদেরকে প্রথম থেকে তৈরি পুষ্টিকর, স্থানীয়ভাবে উৎসারিত খাবার প্রদানের মাধ্যমে শিশুদের জন্য পুষ্টিকে অগ্রাধিকার দেওয়ার অনুমতি দেয়। অনুদানটি আঞ্চলিকভাবে শিক্ষার্থীদের জন্য খাবারের মান উন্নত করার সাথে কর্মীদের ঘাটতির মোকাবেলা করে একটি কেন্দ্রীভূত খাদ্যের হাব স্থাপন করতে আমাদের সক্ষম করে। অতিরিক্তভাবে, আমরা ক্লিনটন এবং এসেক্স কাউন্টিতে রন্ধনশিল্পের প্রশিক্ষণ প্রসারিত করব যাতে কর্মীবাহিনীর চাহিদা মেটানো যায়। এই অনুদানটি আমাদেরকে স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরির দিকে পরিচালিত করে, এবং আমরা এই সুযোগের জন্য কৃতজ্ঞ।"

বাফেলো পাবলিক স্কুলের (Buffalo Public School) সুপারিনটেনডেন্ট ডাঃ টোনজা এম. উইলিয়ামস বলেছেন, "বাফেলো পাবলিক স্কুলগুলি বাফেলোর শিক্ষার্থীদের এবং সম্প্রদায়ের লোকদের বিনামূল্যে স্থানীয়ভাবে উৎপাদিত তাজা খাবার সরবরাহ করে এবং একই সাথে স্থানীয় সামাজিক-অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত কৃষক এবং চাষীদের জন্য একটি টেকসই নতুন বাজার তৈরি করে। আমি গভর্নর ক্যাথি হোকল এবং কৃষি কমিশনার রিচার্ড বলকে সাধুবাদ জানাই খাদ্যের নিরাপত্তাহীনতা কমাতে সাহায্য করতে এই 5 মিলিয়ন ডোলর প্রদান করার জন্য এবং এটি নিশ্চিত করার জন্য যে আমাদের শিক্ষার্থীরা যাতে সেই উচ্চ মানের পুষ্টিকর খাবার গ্রহণ করা চালিয়ে যায় যা তাদের সামগ্রিক স্বাস্থ্যকে উন্নত করে এবং শেখার জন্য তাদের প্রস্তুতি উন্নত করে। আবার, এই তহবিলটি আমাদের শিক্ষার্থীদের জন্য স্কুলে থাকাকালীন তাজা এবং স্বাস্থ্যকর খাবার প্রদানের দিকে অনেক দূর এগিয়ে যাবে।"

আঞ্চলিক স্কুলের খাদ্য অবকাঠামোর কর্মসূচি নিউ ইয়র্কের অনেক কর্মসূচির অনুবর্তী যা স্কুলে স্থানীয় খাবারকে অগ্রাধিকার দেয়, যার মধ্যে রয়েছে স্কুলের জেলাগুলিকে স্থানীয় উৎপদকদের

কাছ থেকে খামারের পণ্য সংগ্রহ করতে এবং কিনতে সাহায্য করার সরঞ্জামগুলি জা নিশ্চিত করে যে নিউ ইয়র্ক যাতে নিউ ইয়র্কের প্রথম এবং সেরা গ্রাহক হিসাবে রয়ে থাকে। অর্থবছর 2024-এর কার্যকরী বাজেট স্কুলগুলির জন্য খাদ্য ক্রয়ের ইচ্ছামূলক সীমাকে 150,000 ডলারে বৃদ্ধি করেছে, যা পূর্বের সীমা থেকে উল্লেখজনক পরিমাণের বৃদ্ধি।

অতিরিক্তভাবে, সফল ফার্ম-টু-স্কুল কর্মসূচি স্থানীয় কৃষিকে শক্তি প্রদান করতে, শিক্ষার্থীদের স্বাস্থ্যের উন্নতি ঘটাতে এবং আঞ্চলিক খাদ্যের ব্যবস্থার সচেতনতার প্রচার করতে স্থানীয় খামার এবং খাদ্য উৎপাদনকারীদের সাথে স্কুলগুলোকে সংযুক্ত করে। নিউ ইয়র্কের শিক্ষার্থীদের জন্য আরো স্থানীয়, পুষ্টিকর, মৌসুমভেদে ভিন্ন ভিন্ন খাবার প্রদানের জন্য এই কর্মসূচির মাধ্যমে কৃষি ও বাজার বিভাগ স্কুল, খামার, বিতরণকারী, এবং অন্যান্য সমর্থক সংস্থাগুলিকে আর্থিক, প্রযুক্তিগত, এবং প্রচারণামূলক সহায়তা প্রদান করে।

তাদের স্কুলে দুপুরের আহারের অংশ হিসেবে শিশুদেরকে স্বাস্থ্যকর নিউ ইয়র্কে উৎপন্ন খাদ্যের পণ্য প্রদান করার ব্যবস্থাকে 30 শতাংশ নিউ ইয়র্ক স্টেটের উদ্যোগ আরো অগ্রসর করে। যেকোনো জেলার যেকোনো স্কুল যদি নিশ্চিত করে যে তাদের তাদের স্কুলের দুপুরের আহারের কমপক্ষে 30 শতাংশ নিউ ইয়র্কে উৎপন্ন ও প্রক্রিয়াকৃত যোগ্য পণ্য দ্বারা তৈরি হয় , তাহলে উদ্যোগটি তাদের প্রাপ্ত ব্যয়পূরণকে আহারপ্রতি 5.9 সেন্ট থেকে আহারপ্রতি 25 সেন্টে বৃদ্ধি করবে। পুরো নিউ ইয়র্কে খামার ও স্কুলকে আরো ভালোভাবে সংযুক্ত করে দিতে গভর্নর হোকলের 2022 সালের স্টেট অফ দ্য স্টেটের প্রতিশ্রুতির অংশ হিসেবে, কৃষি ও বাজার বিভাগ কর্তৃক এই কর্মসূচির অধিগ্রহণের পর থেকে কর্মসূচিটিতে স্কুল খাদ্য কর্তৃপক্ষের অংশগ্রহণ বৃদ্ধি পেয়েছে, মোট 59টি স্কুল খাদ্য কর্তৃপক্ষ এই স্কুল বছরে বর্ধিত ব্যয়পূরণ লাভ করেছে, যা গত বছরে ব্যয়পূরণের জন্য অনুমোদিত 51টি থেকে বৃদ্ধি পেয়েছে। 2022-2023 স্কুল বর্ষে, প্রণোদনাটির জন্য আবেদন করা স্কুলগুলি নিউ ইয়র্কের কৃষি পণ্যে মোট 8 মিলিয়ন মার্কিন ডলার ব্যয় করেছে।

এই প্রকল্পগুলিকে আরও সহায়তা করার মাধ্যমে গভর্নর হোকলের 2024 সালের স্টেট অফ দ্য স্টেট নিউ ইয়র্কের কৃষি শিল্পের জন্য একটি পরিকল্পনার ব্যবস্থা করে স্বাস্থ্য, পরিবেশ, শ্রম, এবং শিক্ষাখার শিল্প জুড়ে ভবিষ্যতের ঝুঁকিসমূহের বিরুদ্ধে সেটিকে আরও বলীয়ান, আরও স্থিতিস্থাপক ও আরও সক্রিয় হয়ে ওঠার জন্য। নিউ ইয়র্কের দুগ্ধজাত শিল্পখাত, কর্মীবাহিনী বিকাশ কর্মসূচি, এবং তরুণ নেতৃত্ব ও শিক্ষা সুযোগকে উন্নত করার জন্য গভর্নর একাধিক মুখ্য প্রস্তাবনা ঘোষণা করেছেন, যার মধ্যে আছে শিল্পখাতকে বলীয়ান করা এবং আমাদের কৃষি, খাদ্য, ও বনজ খাতের জন্য আরো স্থিতিস্থাপক ভবিষ্যৎ গঠনের জন্য ক্রস-কাটিং উদ্যোগসমূহের পরিকল্পনা।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন